দৈনিক ইনকিলাব

তারিখ ... 30 MAY 1998
পৃষ্ঠা ৮ কলাম 2

14

# বেসরকারী মেডিক্যাল কলেজ অনুমোদনের ক্ষেত্রে স্বাস্থ্য মন্ত্রণালয়ের পক্ষপাতিত্ব

**ইনকিলাব রিপোর্ট ঃ** বেসরকারী মেডিক্যাল কলেজ অনুমোদনের ক্ষেত্রে স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ উঠেছে।

সম্প্রতি সরকারের পক্ষ থেকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং বিএমডিসি থেকে সমসংখ্যক প্রতিনিধি নিয়ে ছয় সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি বেসরকারী মেডিক্যাল ও ডেন্টাল কলেজসমূহের যাবতীয় কার্যক্রম সরজমিনে তদন্ত করে গত ৪ মে'র সভার সিদ্ধান্তানুসারে স্বাস্থ্য মন্ত্রণালয়কে দ্রুত অনুমোদন প্রদানের জন্য সুপারিশ করেন। কিন্তু উচ্চ পর্যায়ের এই তদন্ত কমিটির সুপারিশকে

(৯-এর পাতায় দেখুন)

# বেসরকারী মেডিক্যাল কলেজ অনুমোদনের ক্ষেত্রে স্বাস্থ্য মন্ত্রণালয়ের পক্ষপাতিত্ব

প্রথম পৃষ্ঠার পর

তোয়াক্কা না করে স্বাস্থ্য মন্ত্রণালয়ের এক সভায় ৭টি কলেজকে অনুমোদনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বাকীগুলোকে বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানা গেছে। একটি সূত্র জানায়, যে সাতটি অনুমোদনের সিদ্ধান্ত নেয়া হয়েছে তন্মধ্যে এমন দু'টি নিম্নমানের মেডিক্যাল কলেজ রয়েছে যাদের নিজস্ব কোন জমি পর্যন্ত নেই। অথচ এসব কলেজের অনুমোদনের তালিকা থেকে দূরে রাখা হয়েছে সেখানে এমনও কলেজ রয়েছে যেখানে নিজস্ব জমি, ভবন, হাসপাতাল আছে এবং যোগ্য চিকিৎসক শিক্ষক হিসেবে কর্মরত রয়েছেন। মন্ত্রণালয়ের এই পক্ষপাতমূলক সিদ্ধান্ত পুনর্বিবেচনা করার জন্য ইতোমধ্যেই পাঁচটি কলেজের পক্ষ থেকে স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানানো হয়েছে।

OF ___ SHEETS